# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৬২৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬২৪]

পর্ব-৬: সালাতের সময়সীমা (كتاب المواقيت)

পরিচ্ছেদঃ ৫৫: ছুটে যাওয়া সালাত কিভাবে কাযা করা যায়?

## كيف يقضى الفائت من الصلاة

আরবী

أَخْبَرَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ، قال: حَدَّثَنَا يَحْيَى، عَنْ يَزِيدَ بْنِ كَيْسَانَ، قال: حَدَّثَنِي أَبُو حَازِمٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قال: عَرَّسْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمْ نَسْتَيْقِظْ حَتَّى طَلَعَتِ الشَّمْسُ، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لِيَأْخُذْ كُلُّ رَجُلٍ بِرَأْسِ رَاحِلَتِهِ، فَإِنَّ هَذَا مَنْزِلٌ حَضَرَنَا فِيهِ الشَّيْطَانُ ، قَالَ: فَفَعَلْنَا، فَدَعَا بِالْمَاءِ فَتَوَضَّأَ، ثُمَّ صَلَّى سَجْدَتَيْنِ، ثُمَّ أُقِيمَتِ الصَّلَاةُ فَصَلَّى الْغَدَاةَ.

تخريج دارالدعوه: صحيح مسلم/المساجد ٥٥ (٦٨٠)، (تحفة الأشراف: ١٣٤٤٣)، مسند احمد ٢/٤٢٨، ٤٢٩ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 624 - صحيح

বাংলা

৬২৩. ইয়াকূব ইবনু ইবরাহীম (রহ.) ..... আবু হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ (সা.) -এর সাথে সারা রাত সফর করার পরে শেষ রাতে এক জায়গায় যাত্রা বিরতি করি এবং ঘুমিয়ে পড়ি। সূর্য উদয় না হওয়া পর্যন্ত আমাদের কারো ঘুম ভাঙলো না। তারপর রাসূলুল্লাহ (সা.) আমাদের বললেন, প্রত্যেকেই নিজ নিজ বাহনের লাগাম ধরে এ জায়গা ত্যাগ কর। কারণ এ স্থানে শয়তান আমাদের কাছে এসেছে। আবূ হুরায়রাহ (রাঃ) বলেন, আমরা তাই করলাম। তারপর কিছু দূর গিয়ে রাসূলুল্লাহ (সা.) পানি এনে উযু করলেন। এরপর ফজরের সুন্নাত সালাত আদায় করলেন। তারপর ইকামত হলে ফজরের ফরয সালাত আদায় করলেন।

## English

55. How Should One Who Has Missed A Prayer Make It Up?

It was narrated that Abu Hurairah said: We stopped to camp at the end of the night with the Messenger of Allah (ﷺ), and we did not wake up until the sun had risen. The Messenger of Allah (ﷺ) said: 'Let each man take hold of his camel's head (and leave), for the Shaitan was here in this place with us.' We did that, then he called for water and performed Wudu', then he prayed two Rak'ahs, then the Iqamah was said and he prayed Al-Ghadah (Fajr).

## ফুটনোট

সহীহ: মুসলিম ৬৮০, ইরওয়াউল গালীল ২৬৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86896

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন